সংবাদ

তারিখ 02 FEB 2016
পৃঃ ... কলাম ...

# শাবির নতুন বিভাগ সমুদ্র বিজ্ঞান

প্রতিনিধি, সিলেট

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুন বিভাগের অনুমোদন হয়েছে। ওসেনোগ্রাফি/সমুদ্র বিজ্ঞান নামে এই নতুন বিভাগ বিশ্ববিদ্যালয়ের ২০১৬/১৭ সেশন থেকে কার্যকর হবে। গত রোববার ১৯৫তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত অনুমোদিত হয়।

বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. মো আমিনুল হক ভূঁইয়ার সভাপতিত্বে এ সভায় আরও উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হেলাল উদ্দিন, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, ফিজিক্যাল সায়েন্সের ডিন প্রফেসর ড. সাবিনা ইসলাম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট ড. এসএম হাসান জাকিরুল ইসলাম, এমএ জি ওসমানী মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মুর্শেদ আহমদ চৌধুরী, নর্থ ইস্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. নুরুল আম্বিয়া চৌধুরী, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ফাহিমা খাতুন এবং সিন্ডিকেটের সদস্য সচিব রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

প্রসঙ্গত, এর আগে সমুদ্র বিজ্ঞান বিষয়টি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়ানো হলেও শাবিপ্রবিতে ছিল না। অবশেষে ২০১৬/১৭ সেশন থেকে এই নতুন বিভাগটি কার্যকর হচ্ছে।